টেকসই প্রাকৃতিক রাবার সংগ্রহ সম্পর্কিত কন্টিনেন্টালের নীতিমালা

হ্যানোভার, 16.10.2018

1. সূচনা

1.1 কন্টিনেন্টালে টেকসই অবস্থা

আমাদের কর্পোরেট ভিশন এবং মিশন অনুযায়ী, কন্টিনেন্টাল'স রাবার গ্রুপ সমাজের প্রতি তার ভূমিকা ও সে অনুযায়ী সৃষ্ট দায়িত্ব সম্পর্কে সচেতন। আমাদের লক্ষ্য হলো টেকসই উন্নয়নে সক্রিয়ভাবে অবদান রাখা। আমরা বিশ্বাস করি, আমাদের কর্পোরেট মূল্যবোধ "আস্থা, বিজয়ী হওয়ার জন্য দৃঢ় প্রত্যয়, কাজ করার স্বাধীনতা এবং একে অন্যের জন্য"-এর মাধ্যমে সকল অংশিজন ও সমাজের জন্য টেকসই মূল্যবোধ সৃষ্টি করতে সাহায্য করে।
কন্টিনেন্টালের জন্য, টেকসই এবং দায়িত্বশীলভাবে কাজ করার অন্তর্ভুক্ত হলো আইনকে সম্মান করা, সম্পদের সংরক্ষণ এবং আবহাওয়া ও পরিবেশ সুরক্ষা জোরদার করা, একইসাথে আমাদের কর্মচারী, অংশীদার, সরবরাহকারী, গ্রাহক এবং সমাজের প্রতি আমাদের দায়িত্ব পালন করা। আমরা জাতিসংঘের পরিকল্পিত টেকসই উন্নয়নের লক্ষ্যকে দৃঢ়ভাবে সমর্থন করি। কন্টিনেন্টাল হলো জাতিসংঘের বৈশ্বিক চুক্তির একজন অংশগ্রহণকারী এবং মানবাধিকার, শ্রমের স্ট্যান্ডার্ড, পরিবেশ সুরক্ষা ও দুর্নীতির বিরুদ্ধে লড়াই সম্পর্কিত দশটি নীতিমালাকে সমর্থন করে। সকল ব্যবসায়ী যোগাযোগের ভিত্তি তৈরি করে এমন সকল সংশ্লিষ্ট নথিপত্র আমরা প্রকাশ করেছে, যার মধ্যে রয়েছে, তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়, ব্যবসায়িক অংশীদারের আচরণবিধি (BPCoC), সরবরাহকারী নিয়োগ ম্যানুয়েল। কন্টিনেন্টালের কর্পোরেট স্পিরিট ও নৈতিকতা (যেমন একাত্মতা, সততা ও আইন পরিপালন) নথিবদ্ধ করা, প্রসঙ্গত আচরণবিধি, BASICS, ESH নীতিমালা এবং কর্পোরেট সুশাসন নীতিমালা।
কন্টিনেন্টালে আমরা খুব দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, টেকসই ব্যবসা বাণিজ্যের চর্চা উদ্ভাবনের ক্ষেত্রে আমাদের সক্ষমতা বৃদ্ধি করে এবং ভবিষ্যতের চাহিদা পূরণ করে এবং এভাবে তারা কোম্পানি ও সমাজে মূল্য সংযোগ করে।

1.2 প্রাকৃতিক রাবার সংগ্রহে কন্টিনেন্টালের ভূমিকা

প্রাকৃতিক রাবারের (NR) চাষ, সংগ্রহ এবং রূপান্তর সকল স্টেকহোল্ডারকে পুরো ভ্যালু চেইনে নিয়মিত আয় প্রদান করে (অনুচ্ছেদ 3 দেখুন)। বিশ্বব্যাপী চাহিদা বৃদ্ধির সাপেক্ষে শ্রমিক, কমিউনিটি, বন, জীব বৈচিত্র্য এবং কৃষিভূমির উপর ঝুঁকি ও নেতিবাচক প্রভাব হ্রাস করার জন্য সম্পূর্ণ ভ্যালু চেইনকে টেকসই করার উপর গুরুত্ব দেওয়া জরুরি। আমাদের দায়বদ্ধতা স্বীকার করে নেওয়া, টেকসই প্রাকৃতিক রাবারের (SNR) সম্প্রসারণে কন্টিনেন্টাল একটি সক্রিয় ও দায়বদ্ধ অবদানকারী হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে।
দ্য রাবার গ্রুপ অব কন্টিনেন্টাল NR-এর একটি বড় গ্রাহক। যদিও চাষি জনগোষ্ঠীর সাথে সাধারণত আমাদের সরাসরি যোগাযোগ নেই, তবে সম্পূর্ণ ভেলু চেইনে আমরা টেকসই ও দায়িত্বশীল NR সংগ্রহ কার্যক্রম উন্নয়ন করতে, সরবরাহ করতে ও বাস্তবায়ন করতে অঙ্গীকারাবদ্ধ। এই নীতির লক্ষ্য হল ভ্যালু চেইন অংশীদার এবং স্টেকহোল্ডারদের জন্য কন্টিনেন্টালের NR সরবরাহ চেইনের মধ্যে দায়িত্বসমূহের একটি পরিষ্কার ধারণা প্রদান করা। এটা প্রাকৃতিক রাবারের জন্য আরও বেশি টেকসই ভ্যালু চেইনের দিকে একটি যৌথ যাত্রার সূচনাকে নির্দেশ করে।

2. টেকসই প্রাকৃতিক রাবারের (SNR) প্রতি কন্টিনেন্টালের অঙ্গীকার

SNR-এর প্রাসঙ্গিক উন্নয়ন ক্ষেত্রগুলো সম্পর্কে আমাদের জ্ঞান অনবরত উন্নত করতে, একে সমাধানে পরিণত করতে, ঝুঁকি কমাতে এবং সরবরাহকারীর উদ্ভাবনের উপর জোর দিতে আমরা সংকল্পবদ্ধ। কন্টিনেন্টালে আমরা
উন্নয়নের ছয়টি ক্ষেত্রে শনাক্ত করেছি:

2.1 চাষি এবং সরবরাহকারীদের সাথে যুক্ত হওয়া

কন্টিনেন্টাল ভ্যালু চেইনে বিদ্যমান, বিশেষ করে আপস্ট্রিমে বিদ্যমান বর্তমান অনুশীলনকে পরিবেশগতভাবে ও সামাজিকভাবে টেকসই অনুশীলনের একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচনা করছে। কন্টিনেন্টাল অনবরত প্রক্রিয়া পর্যালোচনা, বৃদ্ধি এবং উন্নত করবে, একইসাথে অন্বেষণ করবে এবং বিকল্প পরীক্ষা চালাবে সম্ভাব্য ঝুঁকি এবং বিকল্প নেতিবাচক প্রভাব শনাক্ত করতে। অতএব,
শিল্পের বর্তমান পরিস্থিতি ধাপে ধাপে উন্নত করার জন্য সমাধান শনাক্ত করতে ও সে অনুযায়ী কাজ করতে উদ্যোগ, প্রকল্প ও কার্যক্রমের সাথে আমরা জড়িত।
দায়িত্বশীলতা ও দক্ষতার সাথে প্রাকৃতিক রাবার চাষ করার কাজে জড়িত চাষিদেরকে শিক্ষিত করার লক্ষ্যে জড়িত বিশ্বস্ত অংশীদারদের মাধ্যমে পরিচালিত প্রকল্প ও উদ্যোগকে আমরা প্রচার করি ও সহায়তা দিয়ে থাকি। অতএব, আমরা সক্রিয়ভাবে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, এনজিও এবং প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যবসায়িক অংশীদার এবং শিল্পের প্লাটফর্মগুলোর সাথে অংশীদারিত্ব স্থাপন করতে আগ্রহী, যেন সেরা কৃষিজ প্রযুক্তি প্রয়োগ করতে NR চাষিদেরকে সাহায্য করা যায়। এটা আমাদের দৃঢ় বিশ্বাস যে রাবারের গুণমান এবং ফলনের উন্নতির ফলস্বরূপ কৃষকের আয় এবং জীবিকা বৃদ্ধি পাবে।

প্রাকৃতিক রাবারের সরবরাহ শৃঙ্খলের টেকসই অবস্থা আরও উন্নত করতে অংশীদারদের সাথে একত্রে 2018 সালে আমরা ইন্দোনেশিয়ায় একটি পাইলট প্রকল্প শুরু করেছি। স্থানীয় সরবরাহকারীদের সাথে অংশীদারিত্বে লক্ষ্যসমূহ হল প্রাকৃতিক রাবারের টেকসই উৎপাদনের জন্য একটি অনুমাপক তালিকা তৈরি করা, এই অনুমাপক অনুযায়ী চাষিদের টেকসই উৎপাদনের প্রশিক্ষণ দেওয়া এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের থেকে রাবার কন্টিনেন্টালের উৎপাদনে নেওয়া। প্রকল্পে পাওয়া শিক্ষা সরবরাহকারীদের সাথে পরবর্তীতে কাজের ক্ষেত্রে ব্যবহৃত হবে।

2.2 স্টেকহোল্ডারের সম্পৃক্ততা

NR-এর ভ্যালু চেইন ও এর পাশাপাশি (*cf.* অনুচ্ছেদ 3) স্থানীয় ও আন্তর্জাতিক স্টেকহোল্ডারদের সাথে একটি শক্তিশালী সম্পৃক্ততা ও মতবিনিময়ের জন্য কন্টিনেন্টাল প্রতিশ্রুতিবদ্ধ। আমরা পুরো শিল্পের প্লাটফর্মের সাথে সম্পৃক্ত যেন সর্বসম্মতিক্রমে বৈশ্বিক টেকসই প্রাকৃতিক রাবার নির্দেশাবলী ও মূলনীতি করা যায়। সারা বিশ্ব থেকে একটি টেকসই সংগ্রহের অনুশীলন নিশ্চিত করার লক্ষ্যে আদর্শ মান অনুযায়ী একটি শক্তিশালী কাঠামো নির্ধারণ করার জন্য বিভিন্ন টায়ার প্রস্তুতকারীদের সাথে সমগ্র শিল্পের প্রকল্পে আমরা অংশগ্রহণ করে থাকি। টায়ার শিল্পের প্রকল্পের অংশ হিসেবে, আমরা ইকোসিস্টেমের জন্য পুনরুদ্ধারের ধারণা তৈরি করার জন্য অবদান রাখতে আমরা পরিকল্পনা করছি, যা প্রাকৃতিক রাবারের ব্যবসার সাথে সম্পৃক্ত ক্ষতিকর কাজের জন্য ক্ষতিগ্রস্ত হয়েছে।

2.3 ট্রেসঅ্যাবিলিটি বৃদ্ধি

খণ্ডিতভাবে বিশাল সংখ্যক ছোট ছোট চাষিদের উপর নির্ভর করার কারণে সৃষ্ট প্রাকৃতিক রাবারের সাপ্লাই চেইনের জটিলতা বিবেচনায় নিয়ে, সমগ্র ভ্যালু চেইনে পূর্ণ ট্রেসঅ্যাবিলিটি অর্জনে বর্তমান চ্যালেঞ্জগুলো কন্টিনেন্টাল স্বীকার করছে। তবে, এই প্রচেষ্টায় আমারা সম্পৃক্ত হতে ও ব্যবসায়িক অংশীদারদের অংশগ্রহণ নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ, যেন ভবিষ্যৎ কৌশলগত সংগ্রহের সিদ্ধান্ত ও কৌশলকে প্রভাবিত করার সুস্পষ্ট মানদণ্ড সহ নিরীক্ষা ও যাচাইকরণ প্রক্রিয়া প্রতিষ্ঠা করা যায়। শিল্পের উদ্দেশ্যে সৃষ্ট প্লান্টেশন থেকে রাবারের পূর্ণ ট্রেসঅ্যাবিলিটি অর্জনে কন্টিনেন্টাল লক্ষ্যমাত্রা স্থির করেছে এবং একটি ঝুঁকি-ভিত্তিক উপায়ের মাধ্যমে জটিল ছোট ছোট সাপ্লাই চেইনের জন্য পূর্ণ ট্রেসঅ্যাবিলিটি অর্জনে ইচ্ছুক।

2.4 সম্পদের সংরক্ষণ

গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে আমরা সম্পদ সংগ্রহ করতে ইচ্ছুক, যার লক্ষ্য হলো পণ্যের আয়ু বৃদ্ধি করা, যেমন আমাদের গ্রাহকদের জন্য উন্নত অ্যান্টি-অ্যাব্রেসিভ রাবারের গুণাবলী বা পরিষেবা যেন অনুকূল পরিবেশে পণ্যটি নিয়ে কাজ করতে পারেন। এছাড়াও, পণ্যের উন্নত ডিজাইনের মাধ্যমে *NR*-এর স্বল্প ব্যবহার সম্ভব হয়েছে যেমন টায়ারের ভর কমানো। আমাদের উৎপাদন প্রক্রিয়ায় আমরা অব্যাহতভাবে বর্জ্যের পরিমাণ হ্রাস করতে ও সম্ভাব্য বর্জ্য পুনরায় ব্যবহার করার লক্ষ্যে কাজ করছি।

2.5 পুনঃব্যবহার

অতিরিক্ত উৎপাদন উপকরণ নিয়ে পুনরায় কাজ করা থেকে শুরু করে পুনঃব্যবহার্য পণ্যের ব্যবহার ও উৎপাদন সহ বিভিন্ন পর্যায়ে আমরা পুনঃপ্রক্রিয়াজাত করার বিভিন্ন উপায় তৈরি করেছি। *ContiLifeCycle* প্ল্যান্ট বর্তমানে সমগ্র বিশ্বের একমাত্র উৎপাদন প্রক্রিয়ার একটি উদাহরণ, যা টায়ার পুনঃপ্রক্রিয়াজাত ও টায়ারে নতুন করে দাঁত বসানোর (*retreading*) কাজটিকে একই ছাদের নিচে নিয়ে এসেছে, যার মাধ্যমে টেকসই অবস্থা সম্পর্কে একটি নতুন বেঞ্চমার্ক নির্ধারিত হয়েছে। আমরা আমাদের উৎপাদনে পুনর্ব্যবহৃত উপকরণের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কাজ করছি।

2.6 বিকল্প প্রাকৃতিক রাবার (*NR*) সরবরাহ উৎসের শনাক্তকরণ

ভবিষ্যতে *NR*-এর প্রত্যাশিত বর্ধিত চাহিদা পূরণ করার জন্য রাশিয়ান ড্যানডেলিওন গাছ থেকে উৎপাদিত *Taraxagum*® রাবারের জন্য বাইরের অংশীদারদের সাথে আমরা গবেষণা প্রকল্প পরিচালনা করছি। বিদ্যমান কৃষি জমি ব্যবহার করেই রাশিয়ান ড্যানডেলিওন গাছ শীতপ্রধান অঞ্চলেও জন্মাতে পারে এবং এর ফলে আমাদের কিছু গুরুত্বপূর্ণ উৎপাদন সাইটে কাঁচামাল সরবরাহ করার দূরত্ব উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনতে সাহায্য করে। এছাড়াও, *NR*-এর বৈচিত্র্যময় চাহিদার অবস্থায় প্রতিক্রিয়া প্রদানে ড্যানডেলিওন গাছ প্রদান করে উচ্চ নমনীয়তা, যেহেতু চাষাবাদের এলাকা বার্ষিকভাবে বদলানো সম্ভব।

3. সংগ্রহের সাধারণ নীতিমালা - সরবরাহকারীর জন্য আবশ্যক বিষয়াবলী

কন্টিনেন্টালের চাওয়া হলো তার কর্মচারী ও সাপ্লাই চেইনের অংশীদারগণ নৈতিকতার সাথে কাজ করবেন এবং প্রযোজ্য সকল আইন ও বিধিবিধান মেনে চলবেন। আমরা সব ধরণের প্রত্যক্ষ এবং পরোক্ষ দুর্নীতি এবং ঘুষের বিরুদ্ধে।

আমাদের চাওয়া হলো আমাদের প্রত্যক্ষ সরবরাহকারীগণ (ব্যবসায়িক অংশীদার) আমাদের BPCoC পরিপালন করবেন। এছাড়াও, আমরা এসকল ব্যবসায়িক অংশীদারদের থেকে আশা করবো যে তারা তাদের সাপ্লাই চেইনের সাথে যুক্ত হবে এবং BPCoC-এর সাথে সম্মত হবে। আবশ্যক সংশ্লিষ্টতা ও কার্যকারিতা নিশ্চিত করতে, আমরা বিশ্বাস করি, শিল্পের মধ্যে টেকসই অনুশীলনের জন্য প্রয়োজনীয় প্রচেষ্টা ভ্যালু চেইনের সকল অংশীদারকে মেনে নেওয়া ও অন্তর্ভুক্ত রাখা খুবই গুরুত্বপূর্ণ। উপরে উল্লিখিত অংশগ্রহণকারীগণ ভ্যালু চেইনের সমান্তরালে একটি নিয়মিত ধারার অভ্যন্তরে নিম্নরূপ এক বা একাধিক স্টেকহোল্ডার গ্রুপের অধীনে কাজ করে।

আপস্ট্রিম:

› রাবার আহরণের সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি বা কোম্পানির সহ উৎপাদনকারী। অনুমান করা হয় যে, সারা বিশ্বে রাবার গাছ আছে এমন অঞ্চলের প্রায় ৪৫%-এর মালিক হলো ক্ষুদ্র কৃষক, যাদেরকে স্মল হোল্ডার হিসেবে অবিহিত করা হয়।
› যেসকল অংশগ্রহণকারী উৎপাদনকারী ও প্রক্রিয়াজাতকারীদের মধ্যে প্রাকৃতিক রাবার সংগ্রহ করে, ক্রয় করে এবং ক্রয়-বিক্রয় করে তারা সহ ডিলার বা মধ্যস্বত্বভোগী। অঞ্চল ও দেশের উপর ভিত্তি করে ডিলাররা দীর্ঘ ও বহু স্তর বিশিষ্ট ব্যবস্থায় কাজ করেন।
› বিভিন্ন শিল্পকারখানার জন্য নির্দিষ্ট পণ্য উপাদানের জন্য প্রাকৃতিক রাবার প্রক্রিয়াজাত করার জন্য যেসকল প্ল্যান্ট উৎপাদনকারী বা ডিলারদের কাছ থেকে সরাসরি কাঁচামাল হিসেবে প্রাকৃতিক রাবার ক্রয় করে তারা সহ প্রক্রিয়াজাতকারীগণ।
› প্রক্রিয়াজাতকারী ও প্রস্তুতকারকদের মধ্যে প্রক্রিয়াজাতকৃত প্রাকৃতিক রাবার ক্রয়-বিক্রয় করা ব্রোকার সহ ট্রেডার।

মিডস্ট্রিম:

› প্রাকৃতিক রাবারকে চূড়ান্ত বা আধা-চূড়ান্ত পণ্য হিসেবে প্রক্রিয়াজাত করা কোম্পানি সহ প্রস্তুতকারীগণ।

ডাউনস্ট্রিম:

› উপরে উল্লিখিত প্রস্তুতকারীগণ কর্তৃক উৎপাদিত চূড়ান্ত বা আধা-চূড়ান্ত পণ্য ব্যবহারকারী সহ গ্রাহকগণ। এই সাপ্লাই চেইনে কন্টিনেন্টাল হিসেবে আমরা মিডস্ট্রিমে অবস্থান করছি।

৫. পরিবেশগত নীতিমালা

একটি দায়িত্বশীল কোম্পানি হিসেবে, কন্টিনেন্টাল তার ব্যবসায় অংশীদারীদের সাথে পরিবেশ সুরক্ষায় একসাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। জলবায়ু পরিবর্তন হ্রাস, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং পরিচ্ছন্ন জল সরবরাহ নিশ্চিত করার জন্য বন রক্ষা অপরিহার্য। কন্টিনেন্টাল বন উজাড় শুন্য করার লক্ষ্যকে সমর্থন করে। আমাদের সরবরাহকারীরা আমাদের নীতিমালার সাথে পরিপালন নিশ্চিত করে এমন কাঁচামালের উৎস যাচাই করবে তা আমরা প্রত্যাশা করি এবং রাবার চাষের জন্য তাদেরকে উপযুক্ত কৃষি অনুশীলনগুলি পালন করার জন্য অনুরোধ জানাই। পানির ঘাটতি ক্রমবর্ধমানভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। সেজন্য, আমরা প্রত্যাশা করি আমাদের সরাসরি সরবরাহকারীরা পানির খরচ কমানোর জন্য পানি সংরক্ষণ ও পুনর্ব্যবহারের উদ্যোগগুলি পরিচালনা করবে এবং প্রচার করবে। তাছাড়াও, প্রাকৃতিক রাবার প্রক্রিয়ার কাজে নিয়োজিত সম্পদ কার্যকরভাবে নিয়ন্ত্রণ করা হবে এবং এই প্রক্রিয়া থেকে উৎপাদিত যেকোনো ধরনের উপজাত দায়িত্বশীলভাবে ও প্রযোজ্য আইন মেনে অপসারণ করা হবে।
ব্যবসায়িক অংশীদারদের তাদের নিজস্ব কার্যক্রমে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করতে হবে এবং তাদের সম্পূর্ণ ভ্যালি চেইনে এগুলোর দিকে কাজ করবে সেটি প্রত্যাশিত হবে:

› উচ্চ কার্বন মজুদ রয়েছে এমন বনাঞ্চলের সুরক্ষা।
› উচ্চ সংরক্ষণ মূল্য রয়েছে এমন অঞ্চলের সুরক্ষা, যার মধ্যে রয়েছে উচ্চ সামাজিক ও সাংস্কৃতিক মূল্য রয়েছে এমন অ-বনাঞ্চল।
› জীববৈচিত্র্য সংরক্ষণ।
› গভীরতা নির্বিশেষে জলাভূমি সুরক্ষা।
› নতুন করে বনায়ন, পুনঃ-বনায়ন অঞ্চল তৈরি করতে বা অন্য কোনো উন্নয়নমূলক কাজ করার ক্ষেত্রে আগুনের ব্যবহার না করা।
› পানির উপযোগী প্রক্রিয়া প্রয়োগ এবং স্বাদু পানি সম্পদ সুরক্ষা।

৬. সামাজিক নীতিমালা

কন্টিনেন্টাল মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল হতে ও তার উপর জোর দিতে, সম্ভাব্য ক্ষেত্রে সেরা সামাজিক অনুশীলন গ্রহণ করতে এবং এর নিজস্ব ব্যবসায়িক কার্যক্রমের নেতিবাচক প্রভাব হ্রাস করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা "ব্যবসা ও মানবাধিকার (UNGP)-এর বিষয়ে জাতিসংঘএর পথনির্দেশক মূলনীতিসমূহ কর্তৃক নির্ধারিত।

৫.1 ভূমি অধিকার এবং সংঘাত নিরসনের বিষয়ে

কন্টিনেন্টাল ব্যাবহারের অধিকার, বা প্রথাগত অধিকার এবং স্থানীয় সম্প্রদায় ও ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট অধিকার, পাশাপাশি ভূমির ব্যবহার নিয়ন্ত্রনে প্রযোজ্য যে কোনো জাতীয় আইন স্বীকার এবং সম্মান করে। কন্টিনেন্টাল ইচ্ছাকৃতভাবে অবৈধ ভূমি দখলের দিকে যায় যেটি স্থানীয় সম্প্রদায়ের জন্য ক্ষতিকর এমন কর্মকান্ডে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করবে না। এই প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্য রেখে, কন্টিনেন্টালের জন্য তার প্রাকৃতিক রাবার সাপ্লাই চেইনের অংশগ্রহণকারী, কার্যক্রম নির্ধারণ এবং/অথবা প্লান্টেশন এবং/অথবা শিল্পকারখানার এলাকা রূপান্তর করার সময় UN-REDD-এ নির্ধারিত স্বাধীন, আগাম ও অবহিত সম্মতি (EPIC) নীতিমালার প্রতি শ্রদ্ধাশীল হতে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

উপরোক্ত বিষয় ছাড়াও, কন্টিনেন্টাল চায় তার ব্যবসায় অংশীদারগণ তাদের নিজস্ব কার্যক্রমে নিম্নোক্ত নীতিমালা মেনে চলবে এবং প্রত্যাশা করে সমগ্র ভ্যালু-চেইনে এগুলির দিকে কাজ করবে:
› মানুষের ভূমির মেয়াদের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হবে, যার মধ্যে রয়েছে কৃষি জমি ও ফসলের অধিকার নিশ্চিত করা,
› ভূমি ও ফসলে প্রবেশাধিকার প্রদান,
› কোনো ব্যতিক্রম ছাড়াই, জমি দখল বা দখলের চেষ্টার বিরোধিতা করা ও এড়িয়ে চলা,
› সংরক্ষণ কাজ এবং/অথবা বাণিজ্যিকভাবে ভূমির ব্যবহার করার জন্য স্থানীয় জনগোষ্ঠীর জন্য ন্যায্য ক্ষতিপূরণ মঞ্জুর করা।

৫.2 কর্ম পরিস্থিতি উন্নয়ন

আমরা প্রাকৃতিক রাবার উজান সাপ্লাই চেইনের সকল অংশগ্রহণকারীদের, বিশেষত আমাদের প্রত্যক্ষ ব্যবসায় অংশীদার সাথে সাথে শিল্প প্ল্যান্টদের থেকে চাই, তারা আন্তর্জাতিক শ্রম সংস্থার কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার (ILO) মেনে চলবে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
› কোনো সংগঠন তৈরির স্বাধীনতা এবং কালেকটিভ বারগেইনিং-এর অধিকারের কার্যকর স্বীকৃতি প্রদান (ILO C87 ও C98)।
› সকল ধরনের বলপূর্বক, দাসত্বমূলক বাধ্যতামূলক শ্রমের ব্যাপারে শূন্য সহনশীলতা (ILO C29 ও 105)।
› সকল ধরনের শী শ্রমের ব্যাপারে শূন্য সহনশীলতা। সরবরাহকারীদেরকে অবশ্যই স্থানীয়ভাবে প্রযোজ্য শিশু শ্রম সম্পর্কিত আইন মেনে চলবে এবং প্রযোজ্য আইন অনুযায়ী আইনি বয়সসীমার শ্রমিকদেরকে নিয়োগ করবে, যা তাদের অঞ্চলে প্রযোজ্য। স্থানীয় আইনের অনুপস্থিতিতে, সরবরাহকারীরা 15 বছরের নিচের শিশুদের নিয়োগ করবে না। যদি স্থানীয় আইনে ন্যূনতম বয়স 15 বছরের নিচে নির্দিষ্ট করা থাকে, তবে ILO (ILO C138 ও C182) এর শর্তানুযায়ী নিয়োগ হতে হবে।

› লিঙ্গ, বয়স, জাতিতত্ব, যৌন আসক্তি, বিশ্বাস, জাতিগত উৎপত্তি বা প্রতিবন্ধীত্বের উপর ভিত্তি করে যেকোনো ধরনের বৈষম্য এড়িয়ে চলা (ILO C100 ওC111)। অধিকন্তু, আমরা চাই শিল্পের সেরা অনুশীলনের ভিত্তিতে ব্যবসায় অংশীদার এবং শিল্প প্ল্যান্ট যথাযথ কর্ম পরিবেশ সরবরাহ করবে যেগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমাবদ্ধ নয়:
› চাকুরীর লিখিত চুক্তি,
› কমপক্ষে সমতুল্য চাকুরীর জন্য দেশে নির্ধারিত ন্যূনতম বেতন (ILO C131),
› ন্যায্য কর্মঘন্টা সুরক্ষা এবং সকল শ্রমিকের জন্য কর্ম ঘন্টা ও মজুরি সম্পর্কে একটি স্বচ্ছ ও নির্ভরযোগ্য রেকর্ড সংরক্ষণ করা,
› অভিবাসী শ্রমিকদের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হওয়া এবং বিশেষ করে, নৈতিকতার সাথে নিয়োগ দেওয়া, যার মধ্যে রয়েছে শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কোনো প্রত্যক্ষ বা পরোক্ষ ফি না নেওয়া,
› পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি প্রতিরোধ, মূল্যায়ন ও ব্যবস্থাপনার জন্য যথাযথ মান গ্রহণ করা,
› যেকোনো ধরনের হয়রানি ও নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারের জন্য নীতিমালা বাস্তবায়ন।

৬. পরিচালনা এবং নজরদারী

৬.1 নীতিমালা বাস্তবায়ন

কন্টিনেন্টালের চাওয়া হলো তার ব্যবসায়িক অংশীদাররা তাদের নিজস্ব কার্যক্রমে এই নীতিমালার সকল বিষয়বস্তু পরিপালন করবে এবং সমগ্র ভ্যালু-চেইনে ঐ নীতিমালা অনুযায়ী কাজ করবে বলে প্রত্যাশা করা হয়। প্রকাশের তারিখ থেকে এটি কার্যকর হয়ে যাবে। ব্যবসায় অংশীদারদের অ-পরিপালন বাধ্যতামূলকভাবে উন্নয়ন প্রক্রিয়ার দিকে যাবে। যদি উন্নয়নের এই কার্যক্রমগুলো পূরণ না হয়, তবে এর ফলে ব্যবসায়িক সম্পর্ক শেষ হয়ে যেতে পারে। যেখানে অ-পরিপালনের ফলাফল নেতিবাচক প্রভাব হিসেবে আসে আমরা তখন পরিস্থিতি উন্নত করতে চেষ্টা করি। কন্টিনেন্টাল বহিঃস্থ অংশীদারদের সাথে সাপ্লাই চেইনে সম্ভাব্য ঝুঁকি ও প্রভাব

বিশদভাবে বর্ণনা করতে তার ক্রয় প্রক্রিয়া মূল্যায়ন আরো উন্নত করবে। আমাদের BPCoC অনুযায়ী সাইট পরিদর্শনের অধিকার আমরা সংরক্ষণ করি।

আমরা একটি পরিপালন ও দুর্নীতি-দমন হটলাইন চালু করেছি, যার মাধ্যমে যেকোনো ব্যক্তি সরাসরি ও বেনামে অভিযোগ, অ-পরিপালন, প্রতারণামূলক কার্যক্রম এবং এই নীতিমালায় বর্ণিত নৈতিকতার অন্য কোনো লঙ্ঘনের ব্যাপারে রিপোর্ট করতে পারবেন।

6.2 যোগাযোগ

প্রাকৃতিক রাবারের সাপ্লাই চেইনের সকল প্রত্যক্ষ ব্যবসায়িক অংশীদারদের কাছে এই নীতিমালা উপলভ্য থাকবে। তারা তাদের নিজ নিজ সাপ্লাই চেইনে এই নীতি বয়ে নিয়ে যাবে এটি প্রত্যাশিত। এছাড়াও, এটি
কন্টিনেন্টালের ওয়েবসাইটেও পাওয়া যাবে। গৃহীত শিক্ষা ও অভিজ্ঞতার আলোকে প্রয়োজন মনে হলে যেকোনো সময় এই নীতিমালাটি হালনাগাদ, সম্প্রসারণ বা পরিবর্তন করার অধিকার কন্টিনেন্টাল সংরক্ষণ করে। এই নীতিমালা থেকে
আমরা, নীতিমালা বাস্তবায়নের জন্য অভ্যন্তরীণ নির্দেশাবলী ও পরিচালনার নির্দেশনা তৈরি করবো। আমাদের টেকসই অবস্থা সম্পর্কিত রিপোর্টে ও আমাদের ওয়েবসাইটে নিয়মিতভাবে বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে হালনাগাদ তথ্য দেওয়ার লক্ষ্য নির্ধারণ করেছি।

পরিশিষ্ট

› http://highcarbonstock.org/
› https://www.hcvnetwork.org/
› UN-REDD
› সদস্যপদ এবং উদ্যোগ
› কর্পোরেট সুশাসন
› পরিপালন ও দুর্নীতি-দমন হটলাইন
› আচরণবিধি
› BPCoC
› কর্পোরেট ভিশন ও মিশন
› মূল্যবোধ
› পরিষেবা
› পুনরুদ্ধার
› পুনর্গঠন
› ContiLifeCycle প্ল্যান্ট
› Taraxagum®
› রোডম্যাপ 2020
› টেকসই অবস্থা সম্পর্কিত প্রতিবেদন 2017
› ESH নীতিমালা
›https://www.wbcsd.org/Sector-Projects/Tire-Industry-Project/News/Towards-a-stakeholder-led-platform-for-sustainable-natural-rubber
› পরিপালন ও দুর্নীতি-দমন হটলাইন

দাবিত্যাগ
এই নীতিমালাটি ইংরেজি ভাষায় তৈরি করা হয়েছে ও অনুমোদন করা হয়েছে। প্রতিটি অনুবাদ মূল ইংরেজি ভাষা থেকে করা হয়েছে। কোনোরূপ সন্দেহ সৃষ্টি হলে মূল সংস্করণটি বিবেচনা করতে হবে।